

**‘ADVANCED TRAINING ON RESEARCH METHODOLOGY’
সেমিনার শেষে সার্টিফিকেট বিতরণ**



১৬ ফেব্রুয়ারি, ২০১৯-শনিবার রাত ৮টায় সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে ‘Advanced Training on Research Methodology’ বিষয়ক Certificate Awarding Ceremony and Cultural Night অনুষ্ঠান বিভাগীয় কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের উপ-সচিব ড. উত্তম কুমার দাশ। এছাড়াও সেমিনারে প্রধান কোর্স সমন্বয়ক অধ্যাপক ড. আবুল হোসেন স্বাগত বক্তব্য প্রদান করেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।